কালের কণ্ঠ

তারিখ 15 FEB 2016
পৃষ্ঠা 6 কলাম 2

# শুরু হচ্ছে জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা

টেক প্রতিদিন ডেস্ক ।>

দ্বিতীয়বারের মতো দেশব্যাপী জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার
আয়োজন করেছে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। ৬ মার্চ
থেকে অনুষ্ঠেয় এ আয়োজনে ১৬টি আঞ্চলিক প্রোগ্রামিং প্রতিযোগিতা.
জাতীয় প্রোগ্রামিং প্রতিযোগিতা ও জাতীয় প্রোগ্রামিং ক্যাম্প হবে। এ জন্য
৫০০ উপজেলা ও থানার ১০০০ স্কুলে প্রচারণামূলক কার্যক্রম পরিচালনার
পাশাপাশি শিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণ ও কর্মশালারও আয়োজন করা হবে।
বিস্তারিত www.ictd.gov.bd ও www.nhspc.org ।